গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
জাপান-২ অধিশাখা
শের-ই-বাংলা নগর, ঢাকা।
www.erd.gov.bd

# প্রেস বিজ্ঞপ্তি

অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন 'The Project for Human Resource Development Scholarship (JDS)' শীর্ষক প্রকল্পের জাপানিজ অর্থবছর ২০২৩ এর জন্য জাপান সরকার ৪৭২ মিলিয়ন জাপানিজ ইয়েন (আনুমানিক ৩.৩৮ মিলিয়ন মার্কিন ডলার) অনুদান সহায়তা প্রদান করবে। এ বিষয়ে আজ ১৭ জুলাই ২০২৩ তারিখে বাংলাদেশ ও জাপান সরকারের মধ্যে 'বিনিময় নোট' ও 'অনুদান চুক্তি' স্বাক্ষরিত হয়েছে। বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব, মিজ শরিফা খান উক্ত 'বিনিময় নোট' ও 'অনুদান চুক্তি' স্বাক্ষর করেন। জাপান সরকারের পক্ষে বাংলাদেশে নিযুক্ত জাপানের মান্যবর রাষ্ট্রদূত Mr. IWAMA Kiminori 'বিনিময় নোট' এবং ঢাকায় নিযুক্ত জাইকা'র চিফ রিপ্রেজেন্টেটিভ Mr. ICHIGUCHI Tomohide 'অনুদান চুক্তি' স্বাক্ষর করেন।

'The Project for Human Resource Development Scholarship (JDS)' শীর্ষক প্রকল্পটি ২০০১ থেকে ২০২৫ পর্যন্ত মেয়াদে চলমান রয়েছে। প্রকল্পটির মূল উদ্দেশ্য হলো বিসিএস ক্যাডার কর্মকর্তা, বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস কর্মকর্তা, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ এবং বাংলাদেশ ব্যাংকের প্রথম শ্রেণীর কর্মকর্তাগণকে জাপানের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে মাস্টার্স ও পিএইচডি কোর্সে অধ্যয়নের লক্ষ্যে বৃত্তি প্রদান। এ যাবৎ প্রকল্পের আওতায় ৪১৪ জন কর্মকর্তা মাস্টার্স ও ০৫ জন কর্মকর্তা পিএইচডি ডিগ্রী অর্জন করেছেন। কর্মকর্তাগণ ডিগ্রী অর্জন শেষে দেশে প্রত্যাবর্তন করে স্ব-স্ব ক্ষেত্রে দক্ষতা ও সুনামের সাথে কাজ করছেন।

দ্বিপাক্ষিক পর্যায়ে জাপান বাংলাদেশের একক বৃহত্তম উন্নয়ন সহযোগী দেশ। স্বাধীনতার পর থেকে এ যাবৎ জাপান সরকার ৩০.১২ বিলিয়ন মার্কিন ডলারের প্রতিশ্রুতি প্রদান করেছে। বাংলাদেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়নে জাপান গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে। নমনীয় ঋণ ছাড়াও জাপান বিভিন্ন প্রকল্পে অনুদান ও কারিগরি সহায়তা প্রদান করছে, যার মধ্যে মানব সম্পদ উন্নয়ন, আর্থ-সামাজিক উন্নয়ন এবং পরিবেশ সুরক্ষা বিশেষভাবে উল্লেখযোগ্য।

১৭/০৭/২৩
ফাতেমা বেগম
উপসচিব
ফোন: ৪৮১১৬৩০৩
ই-মেইল : japan2@erd.gov.bd